সমকাল

30 MAY 2017

# চার দাবিতে আলটিমেটাম জাবি উপাচার্যকে

## আশুলিয়ার ওসিকে হাইকোর্টে তলব

■ সমকাল প্রতিবেদক ও জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) চলমান অস্থিরতা নিরসনের মাধ্যমে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে চার দফা দাবি জানিয়েছে শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চ। গতকাল সোমবার জাবি উপাচার্য ড. ফারজানা ইসলামের কাছে আবাসিক হল খুলে দেওয়াসহ চার দফা দাবি তুলে ধরে আগামী ৩ জুনের মধ্যে এসব বাস্তবায়নের জন্য সময় বেঁধে দেন ঐক্য মঞ্চের প্রতিনিধিরা।

এদিকে জাবিতে আন্দোলনের সময় অসুস্থ হয়ে পড়া একজন শিক্ষার্থীকে চিকিৎসাধীন অবস্থায় হাতকড়া পরানোর ঘটনায় আশুলিয়া থানার ওসি মহসিনুল কাদিরকে তলব করেছেন হাইকোর্ট। আগামীকাল বুধবার আদালতে হাজির হয়ে এ বিষয়ে ওসি মহসিনুলকে ব্যাখ্যা দিতে বলা হয়েছে। বিচারপতি সালমা মাসুদ চৌধুরী ও বিচারপতি এ কে এম জহিরুল হক সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল স্বতঃপ্রণোদিত হয়ে রুল জারিসহ এই আদেশ দেন।

এর আগে সুপ্রিম কোর্টের আইনজীবী এস এম রেজাউল করিম গত ২৮ মে একটি দৈনিক পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদন আদালতের নজরে আনেন। ওই প্রতিবেদনে বলা হয়, সাভারে শুক্রবার বাসের ধাক্কায় দুই সহপাঠী নিহত হওয়ার ঘটনায় বিচার চেয়ে শনিবার জাবি শিক্ষার্থীরা ক্যাম্পাসে আন্দোলন শুরু করেন। এ সময় ■ পৃষ্ঠা ৪ : কলাম ৪

# চার দাবিতে আলটিমেটাম

[তৃতীয় পৃষ্ঠার পর]

নাজমুল হোসেন নামে এক শিক্ষার্থী অসুস্থ হয়ে এনাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হন। পুলিশ সেখানে গিয়েই নাজমুলকে হাতকড়া লাগিয়ে বেডের সঙ্গে আটকে রাখে। গতকাল এ নিয়ে হাইকোর্টের জারি করা রুলে চিকিৎসাধীন অবস্থায় হাতকড়া পরানো কেন বেআইনি হবে না তা জানতে চেয়ে স্বরাষ্ট্র সচিব, পুলিশ মহাপরিদর্শক, আশুলিয়া থানার ওসিসহ সংশ্লিষ্ট বিবাদীদের জবাব দিতে বলা হয়েছে। চারদফা দাবিগুলো হলো- শিক্ষার্থীদের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহার, আবাসিক হলগুলো খুলে দেওয়া, নিহতদের পরিবারকে ক্ষতিপূর্ণ প্রদান ও প্রক্টরকে জবাবদিহিতায় আনা।

অন্যদিকে জাবির শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চের আহ্বায়ক অধ্যাপক ড. নাসিম আখতার হোসাইন জানান, গতকাল দুপুরে উপাচার্যের সঙ্গে দেখা করে চারটি দাবি জানানো হয়েছে। উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম সমকালকে বলেন, পরবর্তী সিন্ডিকেট বৈঠকে এসব ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।